# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(১৬) যিশাইয় ৫৪/১-৩

“মাবুদ বলছেন, ‘হে বন্ধ্যা স্ত্রীলোক, যার কখনও সন্তান হয়নি, তুমি আনন্দে গান কর; তুমি, যার কখনও প্রসববেদনা হয়নি, তুমি গানে ফেটে পড়, আনন্দে চিৎকার কর; কারণ যার স্বামী আছে তার (মূল ইংরেজি: married wife বিবাহিত স্ত্রীর) চেয়ে যার কেউ নেই (মূল ইংরেজি: desolate : পরিত্যক্ত বা নিঃসঙ্গ যিনি) তার সন্তান অনেক বেশী হবে। তোমার তাম্বুর জায়গা আরও বাড়াও; তোমার তাম্বুর পর্দা আরও চওড়া কর, কৃপণতা কোরো না। তোমার তাম্বুর দড়িগুলো লম্বা করা আর গোঁজগুলো শক্ত কর, কারণ তুমি ডানে ও বাঁয়ে ছড়িয়ে পড়বে। তোমার বংশধরেরা অন্যান্য জাতিদের (Gentiles পরজাতিদের) দেশ দখল করবে আর তাদের লোকজনহীন শহরগুলোতে বাস করবে।” (মো.-২০০৬)

এ ভবিষ্যদ্বাণী প্রসঙ্গে উইকিপিডিয়া লেখেছে:

“Muslim writers argue that the ‘barren one’ refers to Mecca, since no prophet came from it before Muhammad. ... ‘have not labored with child’ means ‘haven't received a prophet’. ... the ‘desolate woman’ refers to Hagar, and the ‘married woman’ refers to Sarah.... This passage is believed to be a prophecy of the Muslim conquests.”

“মুসলিম লেখকরা দাবি করেন যে, ‘বন্ধ্যা’ বলতে ‘মক্কা’ বোঝানো হয়েছে, কারণ সেখানে মুহাম্মাদ (ﷺ)-এর পূর্বে কোনো নবী আগমন করেননি। ... ‘যার কখনও প্রসববেদনা হয়নি’ অর্থ সেখানে কোনো নবীর আগমন হয়নি। ... ‘পরিত্যক্ত, ‘নিঃসঙ্গ’ নারী বা ‘যার কেউ নেই’ বলতে হাজেরাকে বোঝানো হয়েছে এবং ‘বিবাহিতা স্ত্রী’ বলতে সারাকে বোঝানো হয়েছে। .... পরের বক্তব্য মুসলিম বিজয়ের একটা ভবিষ্যদ্বাণী বলে বিশ্বাস করা হয়।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14667

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন